তারিখ: ০২.০৯.২০২৫ খ্রি:

## প্রকল্প প্রস্তাবনা দাখিলের শর্তাবলী

১. শুধুমাত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ কর্তৃক (শিক্ষা ছুটি ভোগরত শিক্ষকবৃন্দ ব্যতিত) প্রকল্প প্রস্তাবনা জমা দেওয়া যাবে।

২. একজন শিক্ষক একের অধিক প্রকল্পে প্রকল্প পরিচালক/সহযোগী প্রকল্প পরিচালক হিসেবে আবেদন করতে পারবেন না। যদি করেন তাহলে তাঁর আবেদন বাতিল বলে গণ্য হবে।

৩. ইতিপূর্বে KAURES পরিচালিত গবেষণা প্রকল্পে অনুদান পেয়ে থাকলে তার চূড়ান্ত প্রতিবেদন ও বিল/ভাউচার পেন্ডিং থাকলে তাঁর আবেদন বিবেচনা করা হবে না।

৪. দাখিলকৃত প্রকল্প প্রস্তাবনাটি অবশ্যই মৌলিক হতে হবে। দাখিলকৃত প্রকল্পটির অনুকূলে অন্য কোনও দাতা সংস্থা থেকে অর্থ বা অনুদান গ্রহণ করলে তা বাতিল বলে গণ্য হবে।

৫. প্রস্তাবিত প্রকল্পের মেয়াদ ০১ (এক) বছর এবং বাজেট ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে। মোট বাজেটের মধ্যে প্রধান গবেষকের সম্মানী ভাতা বাবদ ২০,০০০/- ও সহযোগী গবেষকদের ভাতা বাবদ ১০,০০০/- উল্লেখ থাকতে হবে।

৬. নির্ধারিত ছক ছাড়া এবং নির্ধারিত তারিখের পর কোন অবস্থাতেই প্রকল্প প্রস্তাবনা গ্রহণ করা হইবে না।

৭. প্রকল্প প্রস্তাবনা ০৩ (তিন) জন স্বনামধন্য গবেষক দ্বারা গঠিত "প্রকল্প মূল্যায়ন কমিটি" কর্তৃক মূল্যায়ন করা হবে।

৮. প্রকল্প প্রস্তাবনা চূড়ান্ত মূল্যায়নের পরে গবেষণা অনুদানের জন্য বিবেচিত হইলে এবং প্রকল্প প্রস্তাবনাটিতে কোন ধরনের সংশোধনের প্রয়োজন হইলে সংশোধিত প্রকল্প প্রস্তাবনার ০১ (এক) কপি জমা দিতে হবে।

৯. মূল্যায়ন কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রকল্প সমূহ যথাসময়ে চালু করতে হবে এবং ০৬ (ছয়) মাস পর প্রকল্পের অগ্রগতি রিপোর্ট জমা দিতে হবে।

১০. কর্তৃপক্ষ যে কোন প্রকল্প প্রস্তাবনা গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

ধন্যবাদান্তে,

প্রফেসর ড. শামীম আহমেদ কামাল উদ্দীন খান
পরিচালক, কাউরেস
খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়
খুলনা

খুলনা কৃষি বিশ্ববিদ্যালয় রিসার্চ সিস্টেম (KAURES)
খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়, খুলনা

তারিখ: ০২.০৯.২০২৫ খ্রি:

# বিজ্ঞপ্তি

বিষয়ঃ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের অর্থায়নে পরিচালিত ২০২৫-২০২৬ অর্থবছরের জন্য গবেষণার প্রস্তাবনা আহ্বান।

খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষকবৃন্দের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়ে রিসার্চ সিস্টেম (KAURES) ২০২৫-২০২৬ অর্থ বছরের জন্য গবেষণার প্রস্তাব আহ্বান করছে। প্রস্তাবিত প্রকল্পের মেয়াদ ০১ (এক) বছর এবং বাজেট ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকার মধ্যে সীমাবদ্ধ রেখে আগ্রহী শিক্ষকবৃন্দকে আগামী ১৮-০৯-২০২৫ খ্রি: তারিখের মধ্যে নির্ধারিত ফর্মে তাঁদের গবেষণা প্রস্তাবনার ০৪ (চার) কপি-যার মধ্যে গবেষকের নাম ও তথ্যাবলি (Section-A) ব্যতিত ০৩ (তিন) সেট এবং গবেষকের নাম ও তথ্যাবলী সহ পূর্ণাঙ্গ ০১ (এক) সেট নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ করার পাশাপাশি পূর্ণাঙ্গ ০১ (এক) সেট kaures@kau.ac.bd-তে প্রেরণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

প্রকল্প প্রস্তাবনার নির্ধারিত ফর্ম ও শর্তাবলী সংযুক্তি হিসাবে দেওয়া হলো। এই সকল তথ্যাদি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (https://kau.ac.bd) থেকেও সংগ্রহ করা যাবে। আবেদনকারীকে গবেষণা অনুদানের অর্থ ব্যয় ও প্রকল্প বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন কার্যক্রমের বিষয়ে গাইডলাইনে উল্লিখিত সকল শর্ত ও নির্দেশনা আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে।

ধন্যবাদান্তে,

প্রফেসর ড. শামীম আহমেদ কামাল উদ্দীন খান
পরিচালক, কাউরেস
খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়
খুলনা

অনুলিপি বিতরণঃ
১। ডীন, সকল অনুষদ (শিক্ষকবৃন্দকে অবহিতকরণের অনুরোধ সহ)
২। পিএস টু মাননীয় উপাচার্য (উপাচার্য মহোদয়কে অবহিত করণের অনুরোধ সহ)
৩। পিএ টু মাননীয় কোষাধ্যক্ষ (কোষাধ্যক্ষ মহোদয়কে অবহিত করণের অনুরোধ সহ)
৪। ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন)
৫। অফিস/মহানথি